রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**টিও-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৪৪-আইন/২০১৮।**—Trade Organizations Ordinance, 1961 (Ordinance No. XLV of 1961) এর section 23 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২১ক এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২১ক প্রতিস্থাপিত হইবে, যথা:—

"**২১ক। ফেডারেশন ব্যতীত অন্যান্য বাণিজ্য সংগঠনের নির্বাচনের নিমিত্ত বিশেষ বিধান।**—ফেডারেশন ব্যতীত অন্যান্য বাণিজ্য সংগঠনের —

(ক) কার্যনির্বাহী কমিটির মেয়াদ হইবে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের সংঘবিধি অনুযায়ী ২(দুই) বৎসর অথবা ৩ (তিন) বৎসর এবং যে বাণিজ্য সংগঠনের সংঘবিধিতে কার্যনির্বাহী কমিটির সদস্যগণের মেয়াদ ৩ (তিন) বৎসর নির্ধারিত আছে সেই বাণিজ্য সংগঠনের কার্যনির্বাহী কমিটির এক-তৃতীয়াংশ বা উহার নিকটতম সংখ্যক সদস্য প্রতি ১ (এক) বৎসর অন্তর সংঘবিধি অনুযায়ী অথবা সংঘবিধিতে না থাকিলে সমঝোতার মাধ্যমে অবসর গ্রহণ করিবেন অথবা সমঝোতার মাধ্যমে অবসর গ্রহণকারী সদস্য নির্ধারণ করা সম্ভব না হইলে লটারীর মাধ্যমে অবসর গ্রহণকারী সদস্য নির্ধারিত হইবে এবং তাহাদের অবসর গ্রহণজনিত শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(খ) সদস্যগণ কার্যনির্বাহী কমিটির নির্বাচনে কতবার অংশগ্রহণ তথা নির্বাচিত হইতে পারিবেন তাহা সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের সংঘবিধি দ্বারা নির্ধারিত হইবে;

(গ) সংঘবিধিতে কার্যনির্বাহী কমিটির পদ নির্ধারিত না থাকিলে সদস্যগণ তাহাদের মধ্য হইতে সংগঠনটির জন্য ১ (এক) জন সভাপতি, ১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি ও ১ (এক) জন সহ-সভাপতি নির্বাচিত করিতে পারিবে।"

২। **বিধি ২২ এর—**

(ক) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৫) পরিচালক পদে নির্বাচনের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে ফেডারেশনের বোর্ড অব ডিরেক্টরস এর ১ (এক) জন সভাপতি, ১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি ও ১ (এক) জন সহ-সভাপতি উক্ত বোর্ড অব ডিরেক্টরস এর পরিচালকগণের দ্বারা নির্বাচিত হইবেন।" এবং

(খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (৫ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(৫ক) ফেডারেশনের সদস্যগণ উহার বোর্ড অব ডিরেক্টরস এর নির্বাচনে কতবার অংশগ্রহণ তথা নির্বাচিত হইতে পারিবেন তাহা ফেডারেশনের সংঘবিধি দ্বারা নির্ধারিত হইবে।"

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিরাজুল ইসলাম উকিল**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd